

শিক্ষা দিবস আজ

নিজস্ব প্রতিবেদক >

মহান শিক্ষা দিবস আজ বুবিবার। ১৯৬২ সালের এই দিনে পাকিস্তানি শাসন, শোষণ ও শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে লড়াই করতে গিয়ে শহীদ হন ওয়াজিউল্লাহ, গোলাম মোস্তফা, বাবুলসহ নাম না জানা অনেকে। তাঁদের স্মরণে এ দিনটিকে 'শিক্ষা দিবস' হিসেবে পালন করা হয়। তবে সরকারিভাবে এই দিবসটি পালন করা হয় না। বিভিন্ন ছাত্র-শিক্ষক সংগঠন নিজ উদ্যোগে প্রতিবছরের মতো এবারও দেশে দিবসটি পালন করেছে।

দিবসটির এবারের প্রতিপাদ্য 'মানবতার সপক্ষে, মানবাধিকার সুরক্ষায়, মানবসম্পদ উন্নয়নে শিক্ষা'। দেশের ১১টি শিক্ষক সংগঠনের যোঁচা জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট দিবসটি উপলক্ষে নানা কর্মসূচি হাতে নিয়েছে। আজ সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনার সংগঠনটি এক শোভাযাত্রা ও সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করেছে। মহান শিক্ষা দিবস উপলক্ষে পাঠ্যপুস্তকে সান্দ্রদায়িকীকরণ, গুরুত্বপূর্ণ ও প্রগতিশীল লেখকদের লেখা বাদ দেওয়াসহ নানা অসংগতির প্রতিবাদসহ কয়েক দফা দাবিতে শিক্ষা মন্ত্রণালয়ের সামনে অবস্থান ও সমাবেশ কর্মসূচি পালন করবে জাতীয় শিক্ষা ও সংস্কৃতি রক্ষা আন্দোলন।

১৯৬২ সালের ১৭ সেপ্টেম্বর ছাত্র-জনতার ব্যাপক গণ-আন্দোলনের রক্তাক্ত স্মৃতিবিজড়িত দিন এই শিক্ষা দিবস। পাকিস্তান সরকারের গণবিরোধী, শিক্ষা সংকোচনমূলক শিক্ষানীতি চাপিয়ে দেওয়ার প্রতিবাদে এবং একটি গণমুখী শিক্ষানীতি প্রবর্তনের দাবিতে গড়ে উঠেছিল ব্যাপক ছাত্র আন্দোলন। ছাত্র ইউনিয়নের নেতৃত্বাধীন 'অল পার্টি স্টুডেন্ট অ্যাকশন কমিটি' দেশব্যাপী হরতাল কর্মসূচির ডাক দেয়। ছাত্র-জনতার আন্দোলনকে দমাতে পাকিস্তানি সামরিক জাভা লেগিয়ে দেয় পুলিশ বাহিনী। এরই একপর্যায়ে ১৭ সেপ্টেম্বর হাইকোর্ট মোড়ে ছাত্রদের মিছিলে পুলিশ গুলি চালায়। এতে অনেকেই শহীদ হন। সেই থেকে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ছাত্র সংগঠন প্রতিবছর এ দিনটিকে 'মহান শিক্ষা দিবস' হিসেবে পালন করে আসছে।

বনম স. ব.	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্ত নং.....	
তারিখ.....	
টীকা, পরিশংখ না বিভাগ	
টীকা, টি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
সহকারী কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
	স্বাক্ষর